# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

প্রধান কার্যালয়

১৪৬/১ জাফরাবাদ, শংকর,পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।

ফোন: ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org

২৪/০২/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২৪/০২/১৮ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকায় ডিকেআইবির নতুন ভবনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি জনাব এ.টি.এম আবুল কাশেম, সভা পরিচালনা করেন মহাসচিব আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম, গবেষণা, প্রযুক্তি ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, পবিত্র গীতা পাঠ করেন বাবু ক্ষীতিশ চন্দ্র রায়, সাধারণ সম্পাদক, ডিকেআইবি, ঢাকা জেলা শাখা, পবিত্র ত্রিপিঠক পাঠ করেন বাবু নীতিভূষন চাকমা, সাধারণ সম্পাদক, ডিকেআইবি, খাগড়াছড়ি জেলা শাখা।

আলহাজ্ব এস এম ইব্রাহিম হোসেন, সাবেক সভাপতি, ডিকেআইবি পাবনা জেলা শাখা, বীর মুক্তিযোদ্ধা মোঃ জহুরুল হক, পিকিউআই (অবঃ) ও সভাপতি, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, যশোর জেলা শাখা, মোঃ আব্দুল কাদের, এসএপিপিও,পীরগঞ্জ, রংপুর, মোঃ মোস্তাফিজার রহমান, এসএপিপিও, রাজারহাট, কুড়িগ্রাম, মোঃ আনিছুল হক চঞ্চল, এসএএও(অবঃ), শিবালয় ও সাবেক সাধারণ সম্পাদক, মানিকগঞ্জ, মোঃ ইব্রাহিম আলী, এসএএও, নওগাঁ সদর, নওগাঁ, মোঃ সাইফুল ইসলাম, এসএএও, শাজাহানপুর, বগুড়াসহ গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। ১৯৫২ সালে ভাষা আন্দোলনে যারা শহীদ হয়েছেন এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম, গবেষণা, প্রযুক্তি ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভাপতি তার স্বাগত বক্তব্যে উপস্থিত সকল নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ১৯৫২ সালে ২১শে ফেব্রুয়ারীতে যে সকল শহীদ ভাষা আন্দোলনে নিজেদের জীবণ উর্ৎসগ করেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং শহীদ পরিবারের প্রতি সমবেদনা জানান। তিনি ১০ম গ্রেড বেতনস্কেল ও ২য় শ্রেণীর পদমর্যাদা বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। উপ-সহকারী কৃষি কর্মকর্তা থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি, সিলেকশন গ্রেড এবং গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম করা হয়েছে তার বিস্তারিত আলোচনা করেন। তিনি সকল জেলা এবং সংস্থাকে ২০১৮ সালের নির্বাচনের আগেই সদস্য নবায়ন ফরমসহ সংগঠনের সকল প্রকার চাঁদা পরিশোধ করার আহবান জানান। তিনি আরও অবহিত করেন যে আজকের জাতীয় কমিটির সভায় উপস্থিত হয়ে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর নতুন ভবন উদ্বোধন করবেন আজকের সভার প্রধান অতিথি জনাব এডভোকেট জাহাঙ্গীর কবির নানক, এমপি ও যুগ্ম সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ। সকল নেতৃবৃন্দকে জাতীয় কমিটির সভায় সার্বিক সহযোগিতা করার আহ্বান জানান। অতঃপর তিনি মহাসচিবকে আজকের সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। ১৯৫২ সালে ভাষা আন্দোলনে যারা শহীদ হয়েছেন তাদের স্মরণে কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ ডিপ্লোমা কৃষিবিদবৃন্দ ২১শে ফেব্রুয়ারীর প্রভাত ফেরীতে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পার্ঘ অর্পন করেন। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ০৯/১২/১৭ইং তারিখের জাতীয় কমিটির সভার রেজুলেশন সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভার নির্ধারিত আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত-০১ঃ ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের লক্ষ্যে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রীসভা কমিটির সভাটি পুনরায় আহবান করে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা বাস্তবায়নের জন্য মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। এই কাজে আরও দ্রুত অগ্রগতির জন্য বিভিন্ন দপ্তর, মন্ত্রণালয় ও সচিবালয়ের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-০২ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় হিসাবে ব্যবহারের জন্য ১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭ এ ভবন নির্মানের যাবতীয় ব্যয়ভার মেটানোর জন্য ডিকেআইবি সদস্যদের জনপ্রতি ২০০/- (দুইশত) টাকা হারে ধার্য্যকৃত বিশেষ চাঁদা যে সকল জেলা পরিশোধ করেন নাই তাদেরকে আগামী ১০/০৩/২০১৮ইং তারিখের মধ্যে কেন্দ্রে জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/১৮ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশনকে অতিদ্রুত নির্বাচনী কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ (ডিকেআইবি) এর নির্বাচন/১৮ উপলক্ষ্যে ভোটার তালিকা হালনাগাদ করার জন্য সদস্য নবায়ন ফরম পূরণ করে সকল প্রকার চাঁদা, ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত বার্ষিক চাঁদা ও কল্যাণ চাঁদা (২০১৮সালে সমূদয় চাঁদা নতুন গঠনতন্ত্র অনুযায়ী), ডিপ্লোমা কৃষিবিদ মহাসম্মেলন-২০১৭ এর বিশেষ বকেয়া চাঁদা, আগামী ৩১ মার্চ ২০১৮ ইং এর মধ্যে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। উল্লেখ্য যে, সদস্য নবায়ন ফি জনপ্রতি ১০০/- টাকা হারে (নতুন ও পুরাতন সদস্য সকলের জন্য প্রযোজ্য) কেন্দ্রে জমা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা(এসএএও)/সমমান হতে সহকারী কৃষি কর্মকর্তা(এএইও)/সমমান পদে পদোন্নতির জন্য যে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের চাকুরিবহি, এসিআর ও প্রয়োজনীয় কাগজপত্র কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি আনয়ন করা হয়েছে তাদের কাগজপত্রাদি যাচাই বাছাই করে পিএসসিতে পাঠানোর জন্য জোর দাবি জানানো হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি মন্ত্রণালয়াধীন সকল অধিদপ্তর, দপ্তর, বিভাগ, সংস্থার প্রশাসনকে স্বচ্ছ, দক্ষ ও নিরপেক্ষ করে পক্ষপাতহীন আচরণ, ন্যায়বিচার এবং জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে মহাপরিচালক (ডিজি)সহ সকল দপ্তর, বিভাগ, সংস্থার প্রশাসনিক সকল পদে প্রশাসন ক্যাডারের কর্মকর্তা নিয়োগের জন্য অত্র সভায় পুনরায় জোর দাবি জানানো হলো। এ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপ কামনা করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ বেতনস্কেল/২০১৫ অনুযায়ী সরকারী কর্মকর্তা কর্মচারীদের সিলেকশন গ্রেড প্রথা ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত বহাল রাখা হয়েছে। সে মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত সিলেকশনগ্রেড পাপ্য। তাই বিদ্যমান গ্রেডেশন তালিকার ৭৭০৬ হতে ৭৮৮৫ পর্যন্ত মোট ১৮৪ জনের সিলেকশন গ্রেড প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে প্রতিটি অঞ্চলে পত্র প্রেরণ করা হয়েছে। অতিদ্রুত পত্রের চাহিদা মোতাবেক যাবতীয় কাগজপত্রাদি মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ (ক) চট্টগ্রাম জেলার কৃষি বিভাগের সরকারী জমিগুলো বেদখলের হাত থেকে রক্ষা করার জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট অনুরোধ করা হলো।

(খ) বাবু চৈতন্য কুমার দাস, সাবেক পরিচালক, সরেজমিন উইং এর মৌখিক নির্দেশে চট্টগ্রাম মহানগর মেট্রোপলিটন কৃষি অফিস সমূহে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের নির্ধারিত ভ্রমণ ভাতা (এফটিএ) বন্ধ রাখা হয়েছে যা মোটেই যুক্তিযুক্ত নয়। পুনরায় নির্ধারিত ভ্রমণ ভাতা চালু কারসহ বকেয়া ভ্রমণ ভাতা পরিশোধ করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

(গ) চট্টগ্রাম অঞ্চলের বিভিন্ন জেলা, উপজেলায় এনএটিপির বরাদ্দকৃত টাকার বিষয়ে অনিয়ম ও দুর্নীতির মহোৎসব চলছে। এ বিষয়ে যথাযথ তদন্ত সাপেক্ষে অনিয়ম ও দুর্নীতি বন্ধ করে এনএটিপির কার্যক্রমকে সঠিকভাবে পরিচালনা করার জন্য কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জোর দাবী জানানো হলো। অন্যথায় অনিয়ম ও দুর্নীতির জন্য সকল স্তরের কর্তৃপক্ষই দায়ী থাকিবেন।

সিদ্ধান্ত-০৮ঃ উপজেলার সকল প্রশিক্ষণে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা(এএইও)/সমমানদের অলিখিতভাবে ক্লাস করানো হয়। যাহা অত্যন্ত দুঃখ জনক বিধায় অত্র সভায় তীব্র ক্ষোভ প্রকাশ করে এবং লিখিতভাবে প্রশিক্ষণ ক্লাস দেওয়ার জন্য কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

সিদ্ধান্ত-০৯ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, খুলনা জেলা শাখার অডিট কমিটি কর্তৃক দাখিলকৃত অডিট রিপোর্ট অনুযায়ী সাবেক কমিটির সাধারণ সম্পাদক জনাব মোঃ মফিজুর রহমানকে ২০১৪ সালের আয় ব্যয় এর পর উদ্বৃত সকল টাকাসহ যাবতীয় হিসাব, কাগজপত্রাদি, নথিপত্র বর্তমান কমিটির সভাপতি জনাব মোঃ মোকলেছুর রহমান মনার নিকট বুঝাইয়া দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১০ঃ ডিকেআইবি ভবন সংলগ্ন মোহাম্মদপুর মেট্রোপলিটন কৃষি অফিসটি অতিদ্রুত অন্যত্র সরানোর জন্য মাননীয় মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে বিশেষ অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১১ঃ বগুড়া জেলার গাবতলী উপজেলা হতে অন্যায়ভাবে ০৩জন উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে সিরাজগঞ্জ ও পাবনা জেলায় হয়রানিমূলক বদলী করায় অত্র সভায় দুঃখ ও ক্ষোভ প্রকাশ করা হয়। একই সাথে তাদেরকে অতিসত্তর বগুড়া জেলায় বদলী যোগে ফেরত আনার জন্য অতিরিক্ত পরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(খ) বগুড়া জেলার গাবতলী উপজেলার কৃষি কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির বিষয়টি নিরপেক্ষ তদন্তের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মহোদয়ের নিকট জোর দাবী জানানো হলো।

সিদ্ধান্ত-১২ঃ ডিকেআইবি ঢাকা মহানগর শাখা ও খামারবাড়ি ইউনিট শাখার রেজুলেশন এর সুপারিশ ও জনাব মোঃ হাসানুর রহমান খান বকুল এর নিঃশর্ত ক্ষমা প্রার্থনা সম্বলিত আবেদনের প্রেক্ষিতে তার সাময়িক বহিস্কার আদেশ প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১৩ঃ (ক) গত ২৭/০১/২০১৮ইং তারিখে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে স্মারক নং ১৩ তারিখঃ ৩১/০১/২০১৮ইং মাধ্যমে ফরিদপুর জেলা শাখার সভাপতি জনাব আব্দুর রব বেপারীকে সাময়িক বরখাস্ত করে সভাপতির দায়িত্ব থেকে অব্যহতি প্রদান করা হয় ও কারণ দর্শানোর নিদের্শ প্রদান করা হয়। তৎপরবর্তীতে গত ০৭/০২/২০১৮ইং তারিখে জনাব মোঃ আব্দুর রব বেপারী, সাময়িক বরখাস্তকৃত সভাপতি তার কারণ দর্শানোর জবাবে ফরিদপুর জেলা শাখার সভাপতি হিসাবে উল্লেখ করে শাস্তিমূলক ব্যবস্থা প্রত্যাহারের জন্য আবেদন করেছেন। প্রকৃত পক্ষে তিনি এখন আর উক্ত জেলার সভাপতি পদে দায়িত্বে বহাল নেই। তাই তার ভুল পদবী সম্বলিত আবেদনটি গ্রহণ করা সম্ভব হলো না। এমতাবস্থায় যথাযথ সংশোধন পূর্বক পুনরায় আবেদন করার জন্য তাকে উপদেশ প্রদান করা হলো।

(খ) কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি, জনাব মোঃ জহুরুল হক মিয়ার লিখিত আবেদনের প্রেক্ষিতে জানা যায় যে, ডিকেআইবি ফরিদপুর জেলার সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক জনাব মোঃ সিরাজুল ইসলাম তাকে মোবাইল ফোনে অশ্রাব্য ভাষায় গালাগালি করেন এবং শারীরিকভাবে আঘাত করার হুমকি প্রদান করেন। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনার পর জনাব মোঃ সিরাজুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হলো এবং তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১৪ঃ ডিপ্লোমা কৃষিবিদ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদধারীদের ফিডার পদে ০৫ বছর চাকুরির মেয়াদ পুর্তির অজুহাত দেখিয়ে তাদেরকে পরবর্তী পদে পদায়ন করা হয় না অথচ ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদের জন্য পদ সংরক্ষিত থাকা সত্ত্বেও কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এইও) পদে চলতি দায়িত্ব প্রদান না করে দীর্ঘদিন যাবত পদগুলো শুন্য রাখা হয়েছে। এমতাবস্থায় ডিপ্লোমা কৃষিবিদ এএইও/সমমানদেরকে সংরক্ষিত পদে পদোন্নতি/চলতি দায়িত্ব প্রদান না করে আর কোন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে যেন সরাসরি নিয়োগ করতে না পারে তার বিরুদ্ধে অতিদ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত সাব-কমিটিকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-১৫ঃ কৃষি তথ্য সার্ভিস এর পরিচালক, ড. মোঃ নুরুল ইসলাম এর ডিপ্লোমা বিদ্ধেষী আচরণ, ডিপ্লোমা কৃষিবিদদের প্রতি পক্ষপাতমূলক আচরণ, কৃষিবিদ এবং ডিপ্লোমা কৃষিবিদদের মধ্যে বিভেদ সৃষ্টি করা, কৃষি ডাইরীতে শুধুমাত্র কৃষিবিদদের নাম ও টেলিফোন নম্বর কারণে অকারণে স্থান দেওয়া, অথচ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন উইং এ গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় পদে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদদের নাম ও টেলিফোন নম্বর সন্নিবেশিত না করে সুকৌশলে বাদ দেওয়া, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এবং বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদকে সম্মান না করে অসৌজন্যমূলক আচরণ করা এবং উক্ত দুইটি সংগঠনকে প্রয়োজনী সংখ্যক কৃষি ডাইরী সরবরাহ না করায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হলো। সাথে সাথে উক্ত পরিচালকের প্রতি অনাস্থা জ্ঞাপন করা হলো এবং তাকে পরিচালক কৃষি তথ্য সার্ভিস এর পদ থেকে পদচ্যুত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুরোধ করা হলো। কৃষি তথ্য সার্ভিস থেকে উক্ত কর্মকর্তাকে পদচ্যুত না করা পর্যন্ত তাকে ডিকেআইবির পক্ষ থেকে কোন প্রকার সহযোগীতা না করারও সিদ্ধান্ত গৃহিত হলো।

২৪ ফেব্রুয়ারী ২০১৮ইং শনিবার, দুপুর ০২.০০ ঘটিকায়, ১৪৬/১, জাফরাবাদ, শংকর, মোহাম্মদপুর, ঢাকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান কার্যালয় শুভ উদ্বোধনের ফলক উম্মোচন করেন জনাব এডভোকেট জাহাঙ্গীর কবির নানক,এমপি, ঢাকা-১৩, মোহাম্মদপুর, ঢাকা মহোদয়। উপস্থিত জাতীয় কমিটির নেতৃবৃন্দসহ সকল ডিপ্লোমা কৃষিবিদদেরকে তিনি কৃষি উৎপাদনের প্রথম সারির সৈনিক হিসেবে সম্ভোধন করেন। কৃষি উৎপাদনে মাধ্যমে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ডিপ্লোমা কৃষিবিদদের ভূমিকা অপরিসীম বলে তিনি মন্তব্য করেন। ডিপ্লোমা কৃষিবিদদের যে কোন সমস্যা সমাধানে তিনি সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সভাপতি মহোদয় আজকের প্রধান অতিথি জনাব এডভোকেট জাহাঙ্গীর কবির নানক, মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সভায় উপস্থিত হয়ে নবনির্মিত ভবনের শুভ উদ্বোধনসহ বক্তব্য প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে সভাপতি সাহেব উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে তরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষর/-এ.টি.এম আবুল কাশেম
২৪/০২/২০১৮খ্রিঃ
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ

স্মারকনং- ডিকেআইবি/জা স-৩৪/১(৭০০) তারিখঃ ২৫/০২/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৬. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭. মাননীয় সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. মাননীয় সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. মাননীয় মহাপরিচালক, বি,এ,আর,আই/বি,আর,আর,আই, জয়দেবপুর, গাজীপুর।
১১. মাননীয় মহাপরিচালক, বি.জে.আর.আই.মানিক মিয়া এভিনিউ,ঢাকা/বিনা,ময়মনসিংহ/বি.এস.আর.আই.ঈশ্বরদী,পাবনা ।
১২. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৩. মাননীয় পরিচালক, ............................................................।
১৪. মাননীয় বিভাগীয় কমিশনার, ..................................................।
১৫. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................. অঞ্চল।
১৬. মাননীয় অধ্যক্ষ, এটিআই, ......................................................।

১৭. মাননীয় চেয়ারম্যান, জেলা পরিষদ, ....................................................... ।
১৮. মাননীয় জেলা প্রশাসক, ....................................................... ।
১৯. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................... জেলা।
২০. সভাপতি/মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
২১. সভাপতি/মহাসচিব, বিসিএস (প্রশাসন) ক্যাডার এসোসিয়েশন।
২২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ....................................................... ।
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ....................................................... ।
২৪. উপজেলা কৃষি অফিসার, ............................................................... ।
২৫. থানা সার্কেল কৃষি অফিসার, থানা সার্কেল কৃষি অফিস, তেজগাঁও, ঢাকা।
২৬. মেট্রোপলিটন কৃষি অফিসার, ............................................................... ।
২৭. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
২৮. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
২৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, .......................... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
৩০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ...................... উপজেলা শাখা, .................... জেলা।
৩১. জনাব ......................................................................................... ।

২৫/০২/২০১৬

(আলহাজ্ব মোঃ আব্দুর রাশেদ খান)
মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭